

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date: 05-02-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Home Minister - Offer :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বিকেল চারটায় ভার্চুয়ালি আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে নিয়োগপত্র বিতরণ করবেন। ঐ অনুষ্ঠানে স্বাস্থ্য দপ্তরে ফার্মাসিস্ট, ল্যাব টেকনেশিয়ান এবং রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে জেআরবিটি কর্তৃক মাল্টি টাক্সিং স্টাফ পদে মনোনীত প্রার্থীদের মধ্যে তিনি নিয়োগপত্র বিতরণ করবেন। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট পদে মনোনীত প্রার্থীদের নিজস্ব মূল ডকুমেন্ট, সচিত্র পরিচয়পত্র এবং নিয়োগ সংক্রান্ত পরীক্ষার মূল অ্যাডমিট কার্ড নিয়ে আজ দুপুর ১২টা ৩০ মিনিটের মধ্যে স্বামী বিবেকানন্দ ময়দানে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।

Delhi Election :

আজ অনুষ্ঠিতব্য ৭০ সদস্যের দিল্লি বিধানসভার নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সমস্ত ব্যবস্থা করা হয়েছে। সকাল ৭টা থেকে ভোট গ্রহণ শুরু হয়েছে। চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত। এক কোটি ৫৬ লক্ষ ভোটার ৬৯৯ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবেন। আগামী শনিবার ভোট গণনা হবে। বিধানসভা নির্বাচনের জন্য নির্বাচন কমিশন ১ লক্ষ আশি হাজারের বেশি কর্মী মোতায়েন করেছে।

Bangladesh Visa :

আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশনারের কার্যালয়ের প্রথম সচিব মোঃ আল আমিন গতকাল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে, আজ থেকে বাংলাদেশ সহকারী হাইকমিশনের ভিসা এবং কনসুলার পরিষেবা পুনরায় চালু করা হবে। উল্লেখ্য, ঢাকায় হিন্দু সন্ধ্যাসী চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেপ্তারের বিরুদ্ধে কমিশন চতুরে বিক্ষেপ প্রদর্শনের পর গত তেসরা ডিসেম্বর হাই কমিশনের পরিষেবা স্থগিত করা হয়।

এদিকে পুলিশ, হাই কমিশনের কার্যালয়ে নিরাপত্তা জোরদার করেছে। এ ঘটনায় তিন পুলিশ সদস্যকে বরখাস্তও করা হয়েছে।

CM visit IG BSF :

বিএসএফের আইজি অশ্বিনী কুমার গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। আগরতলায় মুখ্যমন্ত্রীর সরকারি আবাসে এই সাক্ষাতে মুখ্যমন্ত্রীকে সীমান্তের বর্তমান পরিস্থিতি সম্পর্কে অবগত করেছেন আইজি শ্রী শর্মা। বিএসএফ শালবাগান সদর দপ্তর সুত্রে এই খবর জানা গেছে।

PM in Prayagraj Visit :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রয়াগরাজে মহাকুণ্ড মেলা সফরে যাচ্ছেন। সকাল ১১ টা নাগাদ তিনি সঙ্গমে পুন্যমান করে মা-গঙ্গার প্রতি ভক্তি অর্পণ করবেন।

State Level Conference-CM :

০৫-০২-২০২৫

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের সার্বিক বিকাশে সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করার উপর রাজ্য সরকার অগ্রাধিকার দিয়েছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে 'সমবায়ের প্রচার ও উন্নয়ন' বিষয়ক রাজ্যন্তরীয় সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। উল্লেখ্য, আন্তর্জাতিক সমবায় বর্ষ-২০২৫ উপলক্ষ্যে ন্যশনাল কো-অপারেটিভ ইউনিয়ন অব ইন্ডিয়া, রাজ্য সমবায় দপ্তর ও সমবায় ইউনিয়নের ঘোষ উদ্যোগে এই সম্মেলনের আয়োজন করা হয়।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সমবায় সমিতিগুলির পরিকাঠামো উন্নয়ন ও সমবায়ের সাথে জড়িতদের আর্থসামাজিক মানোন্নয়নে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, বর্তমানে রাজ্য প্রায় ৪, ৩০৫টি বিভিন্ন পেশাভিত্তিক সমবায় সমিতি রয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সমবায়মন্ত্রী শুঙ্কাচরণ নোয়াতিয়া, ন্যশনাল কো-অপারেটিভ ইউনিয়ন অব ইন্ডিয়ার সভাপতি দিলীপ সাঙ্গানি, ন্যশনাল কো-অপারেটিভ ইউনিয়ন অব ইন্ডিয়ার চিফ এক্সিকিউটিভ ডঃ সুধীর মহাজন।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বলেছেন, তাঁর সরকার দরিদ্র মানুষের কল্যাণের জন্য একাধিক পদক্ষেপ নিয়েছে, যার ফলে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে মুক্তি পেয়েছেন। তিনি বলেন, এটি কেবল এই সরকারের প্রতিশ্রূতি, নিষ্ঠা এবং কঠোর পরিশ্রমের কারণেই সম্ভব হয়েছে। প্রধানমন্ত্রী গতকাল লোকসভায় সংসদের ঘোষ কক্ষে রাষ্ট্রপতির ভাষণের উপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনার জবাব দিচ্ছিলেন।

রাষ্ট্রপতির ভাষণের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, এটি অনুপ্রেণাদায়ক এবং বিকশিত ভারত কর্মসূচির জন্য সরকারের প্রচেষ্টাকে আরও শক্তিশালী করেছে।

Administration reshuffling :

রাজ্য প্রশাসনে মাঝারি স্তরে সামান্য রদবদল করা হয়েছে। গতকাল রাজ্য সরকারের সাধারণ প্রশাসন বিভাগ থেকে এক নির্দেশে জানানো হয়েছে, উত্তর জেলার জেলা শাসক দেবপ্রিয় বর্ধন রাজ্য সরকার বিশেষ সচিব হিসাবে খাদ্য ও জনসংভরন দপ্তরের দায়িত্ব পেয়েছেন। তাঁর জায়গায় উত্তর জেলার জেলা শাসকের দায়িত্ব সামলাবেন বর্তমানে খোয়াই জেলার জেলা শাসক চাঁদনি চন্দন। খোয়াই জেলার জেলা শাসকের দায়িত্ব পেয়েছেন বর্তমানে নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা ও স্বচ্ছতা গ্রামীন মিশনের মিশন অধিকর্তা পঞ্চায়েত যুগ্ম সচিব রজত পন্থ। খাদ্য ও জনসংভরন দপ্তরের সচিবের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে রাভেল হেমেন্দ্র কুমারকে। তিনি শুধু বিদ্যালয় ও উচ্চ শিক্ষা দপ্তরের সচিবের দায়িত্বেই থাকবেন। অন্যদিকে, আগরতলা পুর নিগমের কমিশনার, আগরতলা স্মার্ট সিটি মিশনের সিইও ডাঃ শৈলেশ কুমার অতিরিক্ত দায়িত্ব হিসাবে নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা ও স্বচ্ছতা গ্রামীন মিশনের মিশন অধিকর্তা পঞ্চায়েত দপ্তরের যুগ্ম সচিব, জল বোর্ডের অতিরিক্ত সচিবের দায়িত্ব পেয়েছেন।

Cancer Screening Camp :

বিশ্ব ক্যান্সার দিবস উপলক্ষে গতকাল দক্ষিণ জেলার জোলাইবাড়ি রুকের পশ্চিম চরকবাই গ্রাম পঞ্চায়েতে এক ক্যান্সার রোগী

চিহ্নিতকরণ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মুহূরীপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ রাখেশ চৌধুরী, ডাঃ সৈকত নাথ স্বাস্থ্যকর্মীরা ৬১ জনকে পরীক্ষা নিরীক্ষা করে ২ জনকে মুখমণ্ডলের ক্যান্সার সহ ৮ জনকে প্রাথমিকভাবে শনাক্ত করে তাদের আরও পরীক্ষানিরীক্ষার জন্য পাঠানো হবে বলে জানান মুহূরীপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডাঃ রাখেশ চৌধুরী।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আজ আকাশ পরিস্কার থাকবে। হালকা কুয়াশা থাকবে। গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৯ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রী সেলসিয়াস। আজকের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রী ও সর্বনিম্ন ১৩ ডিগ্রী সেলসিয়াস-এর কাছাকাছি থাকবে।
